উপ-পরিচালকের কার্যালয়
মহিলা বিষয়ক অধিদপ্তর, মুন্সীগঞ্জ।
১। পিও ঃ.........
২। ক্রেঃ সুঃ.........
৩। অঃ সহঃ.........
৪। ফিল্ড সুঃ.........
৫।.........

"শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
গজারিয়া, মুন্সীগঞ্জ।

ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রমের আওতায় ২০২৩-২০২৪ চক্রের উপকারভোগী সংক্রান্ত উপজেলা পর্যায়ে অবহিতকরণ সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জিয়াউল ইসলাম চৌধুরী<br>উপজেলা নির্বাহী অফিসার, গজারিয়া, মুন্সীগঞ্জ |
| সভার তারিখ | : | ১৪ নভেম্বর ২০২২ খ্রিঃ |
| সময় | : | ১:৩০ ঘটিকা |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ, গজারিয়া, মুন্সীগঞ্জ। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গজারিয়া উপজেলার ভিডব্লিউবি কার্যক্রমের বর্তমান চক্রের সার্বিক চিত্র তুলে ধরেন এবং ডিসেম্বর ২০২২ মাসে চলমান চক্রের কার্যক্রম সমাপ্ত হবে বলে জানান। ২০২৩-২০২৪ চক্রের উপকারভোগী নির্বাচন সংক্রান্ত বিষয়ে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ১৬/১০/২০২২ খ্রি: তারিখের ৩২.০০.০০০০.০২৯.২০.০১০.২২৬১৬ নং স্মারকবলে জারীকৃত পরিপত্র সম্পর্কে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | ১। উপজেলা ভিডব্লিউবি কমিটির সদস্য সচিব, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা গজারিয়ায় চলমান ২০২১-২০২২ ভিজিডি চক্রের সার্বিক চিত্র উপস্থাপন করেন। বিগত ২২ মাস সুষ্ঠুভাবে চাল বিতরণ করা হয়েছে। উপকারভোগীদের প্রত্যেকের স্ব স্ব নামে সঞ্চয়ী ব্যাংক হিসাব রয়েছে। যেখানে প্রতিমাসে ২০০ টাকা হারে সঞ্চয় জমা হচ্ছে। এ ছাড়া গজারিয়া উপজেলায় পুষ্টিচাল বিতরণ করা হয়। তিনি উপকারভোগী নির্বাচন সংক্রান্ত পরিপত্রটি সকলের জ্ঞাতার্থে সভায় উপস্থাপন করেন। পরিপত্রের ৩.১ নং অনুচ্ছেদ অনুযায়ী ওয়ার্ড কমিটি গঠন ও ওয়ার্ড কমিটির কার্যপরিধি নিয়ে আলোচনা হয়। ওয়ার্ড কমিটির মাধ্যমে এবং মসজিদের ইমামদের মাধ্যমে মাইকিং করে এলাকায় ব্যাপক প্রচারের বিষয়টি নিয়ে আলোচনা হয়। সচিব, গজারিয়া ইউনিয়ন তথ্য আপা কর্তৃক কিভাবে সহযোগিতা পেতে পারেন বলে প্রশ্ন করেন। তথ্য আপা বলেন, তার আওতাধীন তথ্য সহকারিগণ বিভিন্ন ইউনিয়নে গিয়ে বিনামূল্যে আবেদন করার কথা জানান। সদস্য সচিব, তথ্য আপাকে ইউনিয়ন ভিত্তিক আবেদন করার সময়সূচি তৈরী | ১। প্রতিটি ইউনিয়নে ইউনিয়ন কমিটির সদস্যদের নিয়ে অবহিতকরণ সভা করা হবে, ইউনিয়ন ভিডব্লিউবি কমিটির সদস্য সচিব সভায় পরিপত্রে উল্লিখিত নীতিমালা ও শর্তাবলী সম্পর্কে সকলকে অবহিত করবেন।<br>২। ওয়ার্ড কমিটির মাধ্যমে, প্রয়োজনে মসজিদের ইমামদের সহায়তা নিয়ে মাইকিং করতে হবে।<br>৩। তথ্য আপা প্রকল্পের কর্মকর্তা কর্মচারীগণ মোবাইল অ্যাপের মাধ্যমে কোন দিন কোন ইউনিয়নে আবেদন ফরম পূরণ করবেন তা পত্র আকারে সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করতে হবে। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গজারিয়া, মুন্সীগঞ্জ<br>২.ইউ.পি চেয়ারম্যান সকল, গজারিয়া, মুন্সীগঞ্জ।<br>৩. তথ্য আপা প্রকল্পের কর্মকর্তা, গজারিয়া, মুন্সীগঞ্জ |

<table>
<tr>
<td></td>
<td>করে প্রতিটি ইউনিয়নের সচিবদের বরাবর পত্র দিয়ে জানিয়ে দেওয়ার জন্য অনুরোধ করেন।</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>২</td>
<td><u>যাচাই বাছাই প্রক্রিয়া</u> উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, ২০ নভেম্বর পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে। আবেদন করা হয়ে গেলে যাচাই বাছাই করে ছক-২ এর মাধ্যমে প্রাথমিক তালিকায় স্বাক্ষর করে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বরাবরে প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। এন্ট্রিকৃত আবেদন সকল তথ্য সঠিকভাবে দিয়েছে কিনা তা ওয়ার্ড কমিটি কর্তৃক বাড়ী বাড়ী যেয়ে যাচাই করার পর প্রাথমিক তালিকা তৈরী করবেন। উপজেলা নির্বাহী অফিসার বলেন এমন নির্ভূলভাবে তৈরী করতে হবে যেনো উপজেলা কমিটিতে একই তালিকা গ্রহণযোগ্যতা পায়। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা আরো বলেন, অনেক সময় সত্য গোপন করে ভূল তথ্য দিয়ে আবেদন করে এতে করে র‌্যাংকিংয়ে উপরে চলে আসে। সভাপতি ভূল তথ্য প্রদানকারীর শাস্তি বিষয়ে আলোচনা হয়।</td>
<td>৬। নির্বাচন প্রক্রিয়ার প্রতিটি ধাপ স্বচ্ছতার সাথে অনুসরণ করতে হবে। বাড়ী বাড়ী যেয়ে আবেদনকারীর প্রদত্ত তথ্যের সঠিকতা যাচাই করতে হবে।<br>৭। সত্য গোপন করে মিথ্যা তথ্য দিলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।</td>
<td>১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গজারিয়া, মুন্সীগঞ্জ<br>২.ইউ.পি চেয়ারম্যান সকল, গজারিয়া, মুন্সীগঞ্জ।<br>৩. তথ্য আপা প্রকল্পের কর্মকর্তা, গজারিয়া, মুন্সীগঞ্জ</td>
</tr>
<tr>
<td>৩</td>
<td><u>কমিটি গঠন:</u> ওয়ার্ড কমিটি গঠন, ইউনিয়ন কমিটি ৩, ৪ ও ৬ নং ক্রমিকের সদস্য এবং উপজেলা কমিটির ৯ ও ১১ নং ক্রমিকের সদস্য মনোনয়নের বিষয়ে আলোচনা হয়।</td>
<td>৮। কমিটির সদস্য মনোনয়ন দিয়ে পত্র মারফত জানানো হবে।</td>
<td>১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গজারিয়া, মুন্সীগঞ্জ<br>২.ইউ.পি চেয়ারম্যান সকল, গজারিয়া, মুন্সীগঞ্জ।<br>৩. তথ্য আপা প্রকল্পের কর্মকর্তা, গজারিয়া, মুন্সীগঞ্জ</td>
</tr>
<tr>
<td>৪</td>
<td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গজারিয়া, মুন্সীগঞ্জ জানান পরিপত্রের ১.০(ঙ) অনুচ্ছেদ এ চলমান চক্রে (২০২১-২০২২) বিদ্যমান কার্ড সংখ্যা ১৮৪৯ টি। কিন্তু ২০২৩-২৪ চক্রে ২০০টি কার্ড বেশি পাওয়ায় মোট কার্ড সংখ্যা ২০৪৯ টি। অতিরিক্ত বরাদ্দ পাওয়া ২০০ টি কার্ড ইউনিয়ন ভিত্তিক চাহিদা অনুযায়ী উপকারভোগী বাছাই করার নির্দেশনা রয়েছে।</td>
<td>৯। নিম্নবর্ণিতভাবে ২০৪৯ টি কার্ড ইউনিয়ন ভিত্তিক বিভাজন করা হয়।<br>নিম্নবর্ণিতভাবে ইউনিয়ন ভিত্তিক বিভাজনকৃত কার্ড সংখ্যা অনুসারে তালিকা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।
<table>
<tr><td>ক্রঃ নং</td><td>ইউনিয়নের নাম</td><td>কার্ড সংখ্যা</td><td>মন্তব্য</td></tr>
<tr><td>০১</td><td>ইমামপুর</td><td>২৯৫ টি</td><td></td></tr>
<tr><td>০২</td><td>গজারিয়া</td><td>২৪৪ টি</td><td></td></tr>
<tr><td>০৩</td><td>ভবেরচর</td><td>২৪৫ টি</td><td></td></tr>
<tr><td>০৪</td><td>টেংগারচর</td><td>১৯৫ টি</td><td></td></tr>
<tr><td>০৫</td><td>বাউশিয়া</td><td>৩১০ টি</td><td></td></tr>
<tr><td>০৬</td><td>গুয়াগাছিয়া</td><td>২৪৯ টি</td><td></td></tr>
<tr><td>০৭</td><td>বালুয়াকান্দি</td><td>২৪০ টি</td><td></td></tr>
<tr><td>০৮</td><td>হোসেন্দী</td><td>২৭১ টি</td><td></td></tr>
<tr><td colspan="2">মোট কার্ড সংখ্যা</td><td>২০৪৯ টি</td><td></td></tr>
</table>
</td>
<td>১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গজারিয়া, মুন্সীগঞ্জ<br>২.ইউ.পি চেয়ারম্যান সকল, গজারিয়া, মুন্সীগঞ্জ।<br>৩. তথ্য আপা প্রকল্পের কর্মকর্তা, গজারিয়া, মুন্সীগঞ্জ</td>
</tr>
</table>

পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

জিয়াউল ইসলাম চৌধুরী
উপজেলা নির্বাহী অফিসার
গজারিয়া, মুন্সীগঞ্জ
ও
সভাপতি
উপজেলা ভিডব্লিউবি বাস্তবায়ন কমিটি
গজারিয়া, মুন্সীগঞ্জ।

স্মারক নং-৩২.০১.৫৯২৪.০০০.৩৫.২২.২০২০-৮৪(ক) তারিখ: ১৪/১১/২০২২ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থেঃ
০১। মহা-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর,ঢাকা।
০২। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।
০৩। উপপরিচালক (ভিজিডি),মহিলা বিষয়ক অধিদপ্তর,ঢাকা।
০৪. উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মুন্সীগঞ্জ।
০৫। ....................................................কর্মকর্তা, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ।
০৬। চেয়ারম্যান..................................ইউনিয়ন পরিষদ,মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ।
০৭। অফিস কপি।

আলেয়া ফেরদৌসী
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (অ. দা.)
গজারিয়া, মুন্সীগঞ্জ
ও
সদস্য সচিব
উপজেলা ভিডব্লিউবি বাস্তবায়ন কমিটি
গজারিয়া, মুন্সীগঞ্জ।